**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 04-03-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ

১) বিধানসভা ভোটের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চের সফরের আগে, সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে এক প্রতিনিধি দল এরাজ্যে আসছে।

২) দোল এবং হোলির কারণে দুদিন বন্ধ থাকার পর আগামীকাল থেকে রাজ্যে ফের শুরু হচ্ছে বিজেপির পরিবর্তন যাত্রা।

৩) হাতির হানায় এক গ্রামবাসীর মৃত্যুকে কেন্দ্র করে বাঁকুড়া জেলার জয়পুরের রাউৎখন্ড এলাকা আজ উত্তপ্ত হয়ে ওঠে।

ঝাড়গ্রামেরও কয়েকটি এলাকায় হাতির দল তান্ডব চালাচ্ছে বলে গ্রামবাসীদের অভিযোগ।

৪) চিরাচরিত উন্মাদনায় আজ দেশ জুড়ে পালিত হচ্ছে রং-এর উৎসব হোলি।

৫) রাজ্যে আগামী ৮ তারিখ থেকে কয়েকটি জেলায় বৃষ্টির সম্ভাবনা।

৬) কলকাতার ইডেন গার্ডেন্সে টি টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকাকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

---

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চের সফরের আগে কমিশনের এক প্রতিনিধি দল এরাজ্যে আসছে। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে এক প্রতিনিধি দল আগামী রবিবার ৮ই মার্চ কলকাতায় আসছেন। ওই প্রতিনিধি দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সি, এবং ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। প্রতিনিধি দলটি নির্বাচন সংক্রান্ত বিষয়গুলি নিয়ে CEO দপ্তরের আধিকারিকদের সঙ্গে আলোচনা করবেন বলে সূত্রের খবর।

এদিকে, নির্বাচনের সঙ্গে যুক্ত বিভিন্ন আইন প্রণয়নকারী সংস্থার নোডাল অফিসারদের সঙ্গে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আগামীকাল বৈঠকে বসছে। সকাল সাড়ে দশটা থেকে এই বৈঠক শুরু হওয়ার কথা বলে কমিশন সূত্রের খবর।

-------------------

দোল এবং হোলির কারণে দুদিন বন্ধ থাকার পর আগামীকাল থেকে রাজ্যে ফের শুরু হচ্ছে বিজেপির পরিবর্তন যাত্রা। আগামীকাল ৯ টি জায়গায় পরিবর্তন যাত্রার আয়োজন করা হবে। পাশাপাশি বৃহত্তর কলকাতায় ২৯ টি বিধানসভা ক্ষেত্রে একটি করে ট্যাবলো বেরোবে।

কোচবিহারে আগামীকাল পরিবর্তন যাত্রা উপলক্ষে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ। সকালে রাসমেলা ময়দান থেকে পরিবর্তন যাত্রার সূচনার পর শীতলকুচিতে একটি জনসভাতেও বক্তব্য রাখবেন তিনি।

উত্তরাখন্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি আগামীকাল উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জে পরিবর্তন যাত্রার জনসভায় অংশ নেবেন।

ঝাড়খন্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী অর্জুন মুন্ডা আসানসোলের বুধা প্যারেড গ্রাউন্ডে পরিবর্তন সভায় বক্তব্য রাখবেন।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর উত্তর দিনাজপুরের করণদিঘিতে এই কর্মসূচীতে অংশ নেবেন।

পশ্চিম মেদিনীপুরে পরিবর্তন যাত্রায় উপস্থিত থাকবেন কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং।

পাশাপাশি বিজেপির জাতীয় কর্ম সমিতির সদস্য অভিনেতা মিঠুন চক্রবর্তী কলকাতা মহানগর পরিবর্তন যাত্রার সূচনা করবেন। এই অনুষ্ঠানটি আয়োজন করা হবে রানী রাসমণি রোডে।

-------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের আগেই তৃণমূল কংগ্রেস দলীয় কর্মীদের ওপর আক্রমণ চালাচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি তথা সাংসদ শমীক ভট্টাচার্য্য আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, পরিকল্পনা মাফিক রাজ্যের বিভিন্ন প্রান্তে এই হামলা চলছে।

বাইট শমীক

নির্বাচনের আগেই কেন্দ্রীয় বাহিনী যেভাবে কলকাতা সহ বিভিন্ন জায়গায় রুটমার্চ শুরু করেছে, তাকেও স্বাগত জানিয়েছেন শমীক ভট্টাচার্য্য।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ রায়দিঘিতে রাজ্যে শূন্য পদগুলিতে নিয়োগ এবং সপ্তম পে কমিশন কার্যকর করার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, তা এদিন শমিক বাবু

পুনর্ব্যক্ত করেন। রাজ্যে বিজেপি সরকার গঠিত হলে অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে দেশের সীমানার বাইরে পাঠানো হবে বলে তিনি উল্লেখ করেছেন।

-------------------

হোলির দিন বিকেলে তৃণমূল কংগ্রেস ও বিজেপির সংঘর্ষকে কেন্দ্র করে আজ কোচবিহারের মাথাভাঙার বেলতলা এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। এই ঘটনায় দু পক্ষেরই বেশ কয়েকজন জখম হয়েছেন। জানা গেছে, তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা স্থানীয় একটি শিবমন্দিরের মাইক খুলে নিয়ে চলে যায়। এর প্রতিবাদ করলে তাদের ব্যাপক মারধর করা হয়। এই ঘটনায় চারজন আহত হয়েছেন।

অন্যদিকে বিজেপির কর্মী সমর্থকদের হামলায় তাদের তিন সমর্থক আহত হয়েছেন বলে তৃণমূল কংগ্রেসের দাবি।

-------------------

বাঁকুড়ার জঙ্গলমহলের রাইপুর বিধানসভা এলাকার সারেঙ্গা ব্লকের গোয়ালবাড়ি গ্রাম পঞ্চায়েতে তৃণমূল ও সিপিএমের একাধিক নেতা-কর্মী বিজেপিতে যোগ দিয়েছেন। গোয়ালবাড়ি গ্রাম পঞ্চায়েত থেকে ১০ জন তৃণমূল কর্মী ও ১ জন সিপিএম কর্মী আজ দলে যোগ দিয়েছেন।

-------------------

এসআইআর-এর মাধ্যমে আম জনতার মৌলিক অধিকার হরণের অভিযোগ তুলে বামফ্রন্ট আজ কলকাতায় বিক্ষোভ মিছিলের আয়োজন করে। দুপুরে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে জমায়েত ও সমাবেশ করা হয়। উপস্থিত ছিলেন

বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু, সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সহ শীর্ষ নেতৃত্ব।

-------------------

মালদার গাজোলে সিএএ-তে আবেদন করে ভারতীয় নাগরিকত্ব পেয়েছেন শঙ্করপুর এলাকার বাসিন্দা মহেন্দ্রকুমার সিংহ এবং তার স্ত্রী আরতি সিংহ। ধর্মীয় কারণে বাংলাদেশ থেকে বিতারিত হয়ে ১৯৯৩ সালে ভারতে আশ্রয় নেন তারা। দীর্ঘদিন চেষ্টা করেও নাগরিকত্ব না পাওয়ায় ভোটাধিকারও ছিল না তাদের। তিন মাস আগে নাগরিকত্ব সংশোধনী আইনে আবেদন জানান দম্পতি। গতকাল তাদের বাড়িতে গিয়ে সিএএ-র শংসাপত্র তুলে দেন গাজোলের বিজেপি বিধায়ক চিন্ময় দেব বর্মণ।

-------------------

হাতির হানায় এক গ্রামবাসীর মৃত্যুকে কেন্দ্র করে বাঁকুড়া জেলার জয়পুরের রাউৎখন্ড এলাকা আজ উত্তপ্ত হয়ে ওঠে। একটি দাতাল হাতি জঙ্গল থেকে বেরিয়ে আজ ভোরের দিকে গ্রামে ঢুকে তান্ডব চালায়। জামডিগরি, পলাবনী এবং পাথরপাড়া গ্রামে ঢুকে বেশ কয়েকটি বাড়িতেও ভাঙচুর চালায় হাতিটি। হাতির মুখে পড়ে ঘটনাস্থলে মৃত্যু হয় পাথরপাড়ার বাসিন্দা বিজয় কোলের। এরপরই গ্রামবাসীরা ক্ষোভে ফেটে পড়েন। তাদের অভিযোগ, জঙ্গল থেকে বেরিয়ে হাতির দল বারবার লোকালয় ও চাষের জমিতে হামলা চালায়। সম্পূর্ণ নীরব বন দপ্তর। আজও হাতির হামলায় অন্তত ৬ জন গুরুতর জখম হয়েছেন। গ্রামবাসীদের কাছে খবর পেয়ে বন দপ্তরের আধিকারিকরা ঘটনাস্থলে যান। ঘুমপাড়ানি ইনজেকশন দিয়ে ক্রেনের সাহায্যে হাতিটিকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়।

গত রবিবার রাতে জেলারই সোনামুখী ব্লকে পাথরমোড়া গ্রামে হানা দেয় তিনটি হাতির একটি দল। বেশ কয়েকটি বাড়ির দেওয়াল ভেঙে ফেলে হাতিগুলি।

-------------------

ঝাড়গ্রামের সাকরাইল ব্লকের নেপুরা এলাকায় টানা সাত দিন ধরে বিশাল হাতির দলের তান্ডবে আতঙ্কে দিন কাটাচ্ছেন গ্রামবাসীরা। সন্ধ্যা নামলেই ৫০-৬০ টি হাতির দল নয়াগ্রামের জঙ্গল থেকে সুবর্ণরেখা পেরিয়ে লোকালয়ে ঢুকে পড়ছে। নেপুরা, আমলাদারি, দক্ষিণ রগড়া, ইটামান্ডুয়া, তেঁতুলিয়া সহ একাধিক গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে। কয়েকশো বিঘা জমির ধান যেমন নষ্ট করেছে হাতির দল, তেমনই সবজি চাষেরও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

এদিকে, গ্রামবাসীরা দ্রুত প্রশাসনিক ব্যবস্থা এবং উপযুক্ত ক্ষতিপূরণের দাবি জানিয়েছেন।

-------------------

নেপালে সাধারণ নির্বাচনের প্রেক্ষিতে এরাজ্যের নেপাল সীমান্তগুলি সিল করে দেওয়া হয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং, শিলিগুড়ি এলাকায় প্রায় একশো কিলোমিটার আন্তর্জাতিক সীমান্তে নিরাপত্তার দায়িত্বে থাকা সশস্ত্র সীমাবল এসএসবি-কে অতিরিক্ত সতর্ক থাকতে বলা হয়েছে। সিল করে দেওয়া হয়েছে পানিট্যাঙ্কি চেক পোস্টও।

-------------------

উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রাম স্টেশন সংলগ্ন একাধিক দোকানে আজ দুপুরে আগুন লাগে। আগুনে পুড়ে অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির মৃত্যু হয়েছে বলে খবর। ১৭ টি দোকান ভস্মীভূত হয়েছে। দমকলের ১২টি ইঞ্জিন ঘটনাস্থলে যায়। গ্যাস সিলিন্ডার

বিস্ফোরণের ফলে এই অগ্নিকান্ড বলে প্রাথমিক অনুমান। কাঠের গোডাউনেও আগুন ছড়িয়ে পড়ে। এই ঘটনার পরই এলাকায় চাঞ্চল্য ছড়ায়।

-------------------

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্য তথা দেশের বিভিন্ন অংশে পালিত হচ্ছে রং-এর উৎসব হোলি।

মালদা জেলায় দুদিনের দোল উৎসবে গতকাল ছিল দেব দোল। আজ সাধারণ মানুষের  দোলে কচিকাঁচা থেকে বড়রা সবাই মেতেছে রঙের উৎসবে।

৫০০ বছরের বেশী প্রাচীন পূর্ব বর্ধমানের পূর্বস্থলী এক নম্বর ব্লকের দোগাছিয়ায় ঐতিহ্যবাহী চারদিনের দোলা উৎসবকে কেন্দ্র করে বসেছে মেলা।

তবে এবছর শান্তিনিকেতনে দোলে, বসন্ত বন্দনা হয়নি। পরিবর্তে আগামীকাল এবং শুক্রবার ৬ই মার্চ গৌড়প্রাঙ্গনে বসন্ত বন্দনার আয়োজন করা হয়েছে।

নদিয়ার নবদ্বীপ ও মায়াপুরে দোল পূর্ণিমায় গতকাল শ্রীচৈতন্য মহাপ্রভু-র আবির্ভাব দিবস উদযাপিত হয়।  জেলার কল্যাণী-র ঘোষপাড়ায় বসেছে ঐতিহ্যবাহী সতীমার মেলা।

-------------------

উত্তর ২৪ পরগণার ভাটপাড়ার বলরাম সরকার ঘাটে স্নান করতে গিয়ে তলিয়ে যাওয়া চার যুবক যুবতীর এখনও কোনো সন্ধান মেলেনি। উদ্ধারাকারী দল সৈকত নন্দী, সৌরভ নন্দী, দীপশিখা দাস রজক এবং সৌরভ সরকারের সন্ধান চালাচ্ছে। গতকাল দোল খেলা শেষ কোরে এরা সকলেই গঙ্গার ঘাটে স্নান করতে যায়। এই ঘটনায় গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

এদিকে, জেলার সরশুনায় হোলি খেলার পর ঝিলে স্নান করতে নেমে এক তরুণের মৃত্যু হয়েছে। বংশ সাহাল নামে ঐ যুবক স্থানীয় বাসিন্দা বলে জানা গেছে।

-------------------

রাজ্যে আগামী কয়েক দিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে। সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে কিছুটা কম। সর্বোচ্চা তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ দশমিক ৬, যা স্বাভাবিকের তুলনায় সামান্য বেশি। তবে বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প প্রবেশের পরিমাণ বৃদ্ধি এবং একটি নিম্নচাপ অক্ষরেখা তৈরি হওয়ার সম্ভাবনা থাকায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আগামী ৮ তারিখ থেকে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।।

(বাইট- সৌরিশ)

উত্তরবঙ্গেও  আগামী চার দিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে তবে শনিবার থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

-------------------

কলকাতার ইডেনে T-20 ক্রিকেট বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ডের মুখোমুখি হয়েছে। টসে জিতে নিউজিল্যান্ড দক্ষিণ আফ্রিকাকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

ইডেনে সেমি ফাইনাল ম্যাচ দেখতে আসা ক্রিকেট প্রেমীদের জন্য কলকাতা মেট্রোর ব্লু লাইনে আজ Esplanade - দক্ষিণেশ্বর এবং Esplanade - শহীদ ক্ষুদিরাম

এর মধ্যে বিশেষ মেট্রো পরিষেবা দেওয়া হবে। এজন্য Esplanade Metro স্টেশনে বুকিং কাউন্টার খোলা থাকবে।

------------------- -------------------